

যেমন হবে বরের সাজ

জাকিয়া আহমেদ

প্রকৃতিতে চলছে এখন শীতকাল। শীতকাল আমাদের দেশে বিয়ের মৌসুম হিসাবে পরিচিত। কিছুদিন আগ পর্যন্ত বিয়ের সময়টায় শুধু কনেকে নিয়েই বিউটি পার্লারগুলোয় থাকত উপচেপড়া ভিড়। এখন কিন্তু আর সেই দিন নেই। দিনবদলের পরিক্রমায় বিয়ের কনের পাশাপাশি বরেরও দরকার হয় সমান পরিচর্যা।

বরের সাজ এবং বিয়ের আগেকার দিনগুলোতে কী করে একজন বর তার ত্বকের যত্ন নেবে, সে কথাই উঠে এসেছে মেনস পার্লার বয়েজ অপসনের বিউটি কনসালটেন্ট এ এস এম আমিনুল ইসলামের জবানিতে।

বিয়ের আগে থেকেই ত্বক অর্থাৎ স্বাস্থ্যের প্রতি যত্নশীল হতে হবে। স্বাস্থ্যসচেতনতা সব সময় থাকা উচিত। তবে বিয়ের আগে ছেলেদের একটু বেশি সচেতন হতে হয়। ঋতুবৈচিত্র্যের কথাও চিন্তা করতে হবে। শীতে বাতাসের আর্দ্রতা কমে যায় এবং ধুলোবালির পরিমাণ বেশি থাকে। এ জন্য সব সময় পরিষ্কার-পরিচ্ছন্ন থাকতে হবে।

বিয়ের এক মাস আগে থেকেই একটি সুন্দর রপ্তান তৈরি করুন। বিয়ের আগে ছেলেরা একটু বেশি টেনশনে থাকে। প্রচুর পানি পান করুন এবং নিয়মমাফিক বিশ্রাম নিন। চোখের যত্ন খুবই জরুরি। অনিদ্রায় চোখের নিচে কালি পড়ে। তাই নিয়ম করে প্রতিদিন ২০ মিনিট চোখের ব্যায়াম করতে হবে। কাজের ফাঁকে ফাঁকে কমপক্ষে প্রতিদিন ১০ মিনিট চোখ বন্ধ করে সুন্দর অতীত মনে করুন। এটি আপনার মনের জোর বাড়াতে উত্তম টনিক।

বিয়ের দুই দিন আগে হঠাৎ করে সেলুনে গিয়ে ব্লিচ অথবা ফেসিয়াল করলেই ত্বকে পরিবর্তন আসে না। তার জন্য চাই নিয়ম।

যত্রতত্র সেলুনে না গিয়ে পুরুষদের সজ্জার ব্যাপারগুলো ভালো বোঝে এমন সেলুনেই যাওয়া উচিত। বিয়ের আগের এক মাসে আপনার ত্বক বুঝে দুবার ব্লিচ করুন। যেহেতু ছেলেরা বাইরে বেশি ঘোরাঘুরি করে, তাই প্রতি সপ্তাহে একবার করে ফেসিয়াল নিন। প্রতিদিন ত্বক পরিষ্কার করুন। পরিষ্কার করতে মুখে হাতে পাকা টমেটো মাখতে

পারেন। টমেটো ত্বক সতেজ ও রোমকূপ পরিষ্কার করে।

■ প্রতিদিন মধু ও দুধের মিশ্রণ মুখে মাখুন। এ ছাড়া পাকা পেঁপে মুখে ব্যবহার করতে পারেন। এগুলো চামড়া সংকুচিত হওয়া রোধ করে।

■ ময়েশ্চারাইজার হিসাবে মধুর সঙ্গে শসার রস খুবই উপকারী।

■ গাজর বাটা ও আলু বাটার মিশ্রণ ১৫ মিনিট মুখে রেখে ধুয়ে নিতে পারেন।

হাত-পায়ের যত্নেও এগুলো ব্যবহার করা যেতে পারে।

যদি পোড়া দাগ থাকে

তবে প্রতিদিন বেসনের

সঙ্গে টকদই অথবা

দুধের সঙ্গে লেবুর

মিশ্রণ লাগিয়ে ধুয়ে

ফেলুন। পোড়া দাগ

দ্রুত দূর হবে।

সেদ্ধ আপেলের

সঙ্গে মধু মিশিয়ে

ত্বকে মাখুন,

পারলে স্ট্রিম

দিন। নতুন গরম

তোয়ালে দিয়ে

মুছে নিন।

ত্বকে ময়লা ও

মরা কোষ জমে যেন

রোমকূপ বন্ধ না হয়,

তার জন্য সপ্তাহে

একবার স্ক্র্যাব

ব্যবহার করুন।

হাতের কনুইয়ে

দুধ ও মধু অথবা

খেঁজুরের মিশ্রণ

ব্যবহার করুন।

বরের

আকর্ষণীয়

সাজ আকর্ষণ

করে

কনেকেও

এতে কনুই মসৃণ থাকবে।


চুলের যত্ন

১০-১২ দিন পর পর চুল স্ট্রিম করুন। অলিভ ম্যাসাজ করে কণ্ডিশনার দিয়ে স্ট্রিম দিন। চুল সিল্কি হবে। বিয়ের দুই-তিন দিন আগে প্রয়োজন হলে শুকিয়ে নিন। মাথায় খুশকি থাকলে হেয়ার ট্রিটমেন্ট করে নিন। মনে রাখবেন, খুশকি চুল পড়া ও মুখের ব্রণ তৈরিতে সহায়তা করে। তাই যত তাড়াতাড়ি সম্ভব খুশকিমুক্ত হোন।

মাথায় কখনও গরম পানি দেবেন না। গরম পানি চুলের প্রধান শত্রু বলা যেতে পারে। চুল পরিষ্কার করার জন্য রিঠার সঙ্গে আমলকি মিশিয়ে ১০ মিনিট রেখে ধুয়ে ফেলুন। এ কাজটি শ্যাম্পুর পরিবর্তে এক দিন পর পর করুন।

চুল স্ট্রেইট করতে চাইলে বিয়ের ১৫ দিন আগে করে নিন। স্ট্রেইটের সাত দিনের মাথায় একটু সার্ভিস করিয়ে নিতে পারেন।





বরদের এমন গর্জিয়াস সাজই কনেরা পছন্দ করে

বিয়ের দিন উচ্চতা অনুযায়ী শেরওয়ানি পরতে পারেন। শেরওয়ানি একটু গর্জিয়াস হওয়া উচিত। সঙ্গে চটি, নাগরা ও চুড়িদার অথবা চোস্ট পায়জামা। পাগড়ি ব্যবহার করতে পারেন। তবে মুখে রুমাল না দেওয়াই ভালো। পাগড়ি না পরলে শেরওয়ানির ওপর গর্জিয়াস ওড়না পরতে পারেন।

হলুদের দিন যতটা খোলামেলা কাপড় পরা যায়। তবে পাঞ্জাবির সঙ্গে ধুতি, সালোয়ার ও চটি পরতে পারেন। হলুদের পর মুখ ক্লিনজিং দিয়ে পরিষ্কার করে নিন, তুকে হলুদের কালচে ভাব থাকবে না। বিয়ের দিন গোল্ড ফেসিয়াল করতে পারেন। তাতে ত্বকের উজ্জ্বলতা বাড়বে। মুখের গঠন অনুযায়ী লাইট মেকআপ নিতে পারেন। প্রতিদিন খাদ্যে ফল ও সবজির পরিমাণ বাড়িয়ে দিন। ব্যালেন্স ডায়েট আপনার ভেতরের সৌন্দর্যকে ফুটিয়ে তুলবে। দিনে প্রচুর পানি পান করুন। শরীরের গঠন অনুযায়ী ওজন ঠিক রাখুন। প্রতিদিন সকালে কুসুম গরম পানির সঙ্গে লেবুর রস মিশিয়ে পান করুন। শরীর ঝরঝরে থাকবে।

সুন্দর ত্বক হলেই হবে না, সুন্দর মন থাকা দরকার। পজিটিভ ভাবুন, গান শুনুন। নিজেকে প্রিয়জনের কাছে গ্রহণযোগ্য করে তুলুন।

মডেল : রুহী, আশরাফ
ছবি : কে ক্র্যাফটের সৌজনে

আপনার শুভেচ্ছা বার্তাবাহক সাপ্তাহিক ২০০০!



আপনার প্রিয় ব্যক্তিত্ব, তারকা বা প্রিয়জনকে বিশ্ব ভালবাসা দিবসে শুভেচ্ছা জানাতে চান, কিন্তু আপনি তার মোবাইল নম্বর জানেন না। অথবা নম্বর জানা থাকলেও কি একটু অন্যভাবে শুভেচ্ছা জানিয়ে চমকে দিতে চান? ভাবনা কী যখন আপনার পাশে আছে সাপ্তাহিক ২০০০!

আপনার শুভেচ্ছা বার্তা সেই কাঙ্ক্ষিতজনের কাছে সাপ্তাহিক ২০০০ পৌঁছে দেবে ভিন্ন ব্যক্তনায়। আপনাদের পাঠানো এসএমএস শুভেচ্ছাগুলো ছাপা হবে আসন্ন ভ্যালেন্টাইন সংখ্যায়। সুতরাং আর দেরি না করে আজই লিখে ফেলুন শুভেচ্ছা এসএমএস এবং নিম্নে বর্ণিত নিয়মে পাঠান। আমাদের বিচারে সেরা ৫ এসএমএস প্রদানকারী পাবেন আকর্ষণীয় পুরস্কার।

এসএমএস পাঠানোর শেষ তারিখ
৩১ জানুয়ারি।

এসএমএস করার নিয়ম

ম্যাচসেটের মেসেজ
অপসেন্ড যান

Valen লিখে স্পেস দিন।
তারপর sms টাইপ করুন

২০৪৫ নম্বর
পাঠিয়ে দিন

Valen sms

2345